দৈনিক জনকণ্ঠ

তারিখ 12-MAY 1994

পৃষ্ঠা ... কলাম ...

52

### একনেক বৈঠকে তিনটি প্রকল্প অনুমোদিত

# বেসরকারী মাধ্যমিক স্কুল উন্নয়নে ১০০ কোটি টাকা বরাদ্দ

বুধবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির বৈঠকে তিন শ' পঞ্চাশ কোটি টাকা ব্যয়ে বেসরকারী, মাধ্যমিক স্কুল উন্নয়নের একটি প্রকল্প অনুমোদিত হয়েছে। এই প্রকল্পের জন্য আগামী অর্থবছরে বার্ষিক উন্নয়ন প্রকল্পের অধীনে ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

এই প্রকল্প অনুযায়ী আগামী তিন বছরের মধ্যে প্রতিটি থানায় ৬টি করে হাই স্কুল ও একটি করে মাদ্রাসার উন্নয়ন করা হবে। মোট তিন হাজার ২২০ টি বেসরকারী হাই স্কুল ও মাদ্রাসার উন্নয়ন করা হবে। বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়েছে যে, এই প্রকল্পের সকল ব্যয়নির্বাহ করা হবে উন্নয়ন বাজেট থেকে, রাজস্ব বাজেট থেকে নয়। খবর বাসস।

একনেক-এর এই বৈঠকে অর্থমন্ত্রী এম সাইফুর রহমান সভাপতিত্ব করেন। তিনি বলেন, শিক্ষাখাতের উন্নয়নের ওপর বর্তমান গণতান্ত্রিক সরকার যে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছে তারই প্রেক্ষিতে একটি পৃথক ও স্বতন্ত্র ফেসিলিটিজ ডিরেক্টরেট গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। সংশ্লিষ্ট উন্নয়ন কাজে সহায়তার জন্য প্রয়োজনীয় জনশক্তি ও প্রকৌশলীদের পাঠানো হবে। অর্থমন্ত্রী বলেন, আগামী

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## বেসরকারী মাধ্যমিক

(প্রথম পাতার পর)

বছরের বাজেটে শিক্ষা খাতে এক হাজার এক শ' পঁচাত্তর কোটি টাকার উন্নয়ন বরাদ্দসহ মোট তিন হাজার ছ' শ' কোটি টাকা বরাদ্দ করা হবে।

একনেক বৈঠকে ৩৩৫ কোটি টাকা ব্যয়ের একটি বন্যা পুনর্বাসন প্রকল্পও অনুমোদন করা হয়েছে। এই প্রকল্পটি এশীয় উন্নয়ন ব্যাঙ্কের সাহায্যে বাস্তবায়িত করা হবে। প্রকল্পটি বাস্তবায়িত হবে এলজিআরডি মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়িত হবে। এতে ১৯৮৭ ও ১৯৮৮ সালের বন্যায় ও জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত সড়ক এবং অন্যান্য অবকাঠামোর পুনর্বাসন করা হবে।

একনেক বৈঠকে ১৫৫ কোটি টাকা ব্যয়ে পল্লী অবকাঠামো প্রকল্প অনুমোদিত হয়েছে। এতে পল্লী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করা হবে। আগামী অর্থবছরে এই প্রকল্পের জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ করা হবে এবং প্রকল্প সমাপ্ত হবে তিন বছরে।